# অনলাইনে ফিস পরিশোধ সংক্রান্ত নিয়মাবলী

ছাত্র-ছাত্রী/অভিভাবকগণ যেকোনো ব্যাংকের কার্ড (ভিসা, মাস্টারকার্ড এবং আমেরিকান এক্সপ্রেস), ট্যাপ / ট্রাস্ট ব্যাংক কার্ড এবং বিকাশের মাধ্যমে টিউশন ফিসহ অন্যান্য সকল ফিস প্রদান করতে পারবেন। এসব ফিসের বিবরণ ক্লাসটিউন ওয়েব/অ্যাপের পেমেন্ট অপশনে বিস্তারিত পাওয়া যাবে।

অনলাইনে স্কুলের ফিস পরিশোধের জন্য ক্লাসটিউন ওয়েবসাইট অথবা ক্লাসটিউন অ্যাপে শিক্ষার্থীদের অভিভাবক অ্যাকাউন্টে লগইন করতে হবে। ইতিমধ্যে কার্ড/এসএমএস এর মাধ্যমে অভিভাবকদের আইডি (Parents ID) ও পাসওয়ার্ড (Password) প্রদান করা হয়েছে। এই পাসওয়ার্ড অবশ্যই গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে এবং স্কুল থেকে প্রদত্ত পাসওয়ার্ডটি পরিবর্তন করে নেয়া ভালো। কোনো শিক্ষার্থী কিংবা অভিভাবক তাদের পাসওয়ার্ড হারিয়ে ফেললে পুনরায় শ্রেণি শিক্ষকের কাছ থেকে নতুন পাসওয়ার্ড সংগ্রহ করতে হবে। কোনো অবস্থাতেই একজনের পাসওয়ার্ড অন্যজনের সাথে শেয়ার করবেন না।


## অনলাইন পেমেন্টের ক্ষেত্রে চার্জ প্রযোজ্য হবে

১। একজনের কার্ড ব্যবহার করে অনেকের টিউশন ফিসহ অন্যান্য ফিস পরিশোধ করা সম্ভব। তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট অ্যাকাউন্টে পর্যাপ্ত ব্যালান্স থাকতে হবে। তাই ফি পরিশোধের আগে ক্লাসটিউন থেকে চার্জসহ ফিসের পরিমান দেখে নিন এবং অ্যাকাউন্টে কমপক্ষে ঐ পরিমান টাকা আছে কিনা সেটি নিশ্চিত থাকুন।

ফিস পরিশোধের প্রক্রিয়াগুলো দেখতে নিচের পেজগুলো অনুসরণ করুন।


# ক্লাসটিউন অ্যাপের মাধ্যমে ফিস প্রদান


১. আপনার মোবাইলে যদি ক্লাসটিউন অ্যাপটি ইনস্টল করা না থাকে তাহলে প্লে স্টোর থেকে (https://play.google.com/store/apps/details?id=com.classtune.app) অ্যাপটি ইনস্টল করে নিন। এর সাথে ইনস্টল হয়ে গেলে ক্লাসটিউন অ্যাপটি ওপেন করুন। তাহলে নিম্নের মতো একটি স্কিন আসবে। সেখানে নির্ধারিত ঘরে আপনার (অভিভাবকের) ইউজার নেইম ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।





২. লগইন হলে নিচের পেজটি ওপেন হবে। সেখানে চতুর্থ বাটন / Fees বাটনে ক্লিক করুন। ফিস আইকনে ক্লিক করলে আপনাকে প্লে স্টোর থেকে CLASSAPY

(https://play.google.com/store/apps/details?id=com.classtune.classpayapp ) অ্যাপটি ইনস্টল করতে বলা হবে, অ্যাপটি ইনস্টল করুন।





৩. ভিউ বাটনে ক্লিক করলে ফিসের বিস্তারিত পেজটি আসবে। এবার নিচের পে অল ডিউ ফিস বাটনটিতে ক্লিক করুন।



৪. ক্লিক করার পর নিচের পেজটি আসবে। এখন আপনি যে পেমেন্ট মেথডে (ট্যাপ / ট্রাস্ট ব্যাংক কার্ড কিংবা যেকোনো ব্যাংকের কার্ড (ভিসা, মাস্টারকার্ড এবং আমেরিকান এক্সপ্রেস) অথবা বিকাশে ফিস পরিশোধ করতে চান সেই বাটনটিতে ক্লিক করুন।





## টিক্যাশ/ট্রাস্ট ব্যাংকের কার্ডের মাধ্যমে পেমেন্ট


আগের দেখানো ছবিতে টিক্যাশ / ট্রাস্ট ব্যাংক কার্ড লোগোতে ক্লিক করলে নিচের দেখানো ছবির মতো পেজ আসবে। এবার আপনি টিক্যাশে পেমেন্ট করতে চাইলে টিক্যাশ বাটনটিতে কিংবা ট্রাস্ট ব্যাংকের কার্ডের মাধ্যমে পেমেন্ট করতে চাইলে নিচের কার্ড বাটনটিতে ক্লিক করুন।



ক্লাসটিউন সম্পর্কিত কোনো সমস্যার সম্মুখীন হলে 01309063364/ 01740212121 নাম্বারে কল করতে পারেন।





(১) টিক্যাশ বাটনটিতে ক্লিক করলে নিচের ছবির মতো পেজ আসবে। সেখানে আপনার টিক্যাশ অ্যাকাউন্ট নাম্বার ও পিন দিয়ে বাটনে ক্লিক করুন। আপনার মোবাইলে একটি মেসেজে অথোরাইজেশন কোডটি যাবে। এবার নিচের অথোরাইজেশন কোডের ঘরে কোডটি লিখে বাটনে ক্লিক করুন। সবকিছু ঠিকঠাক থাকলে আপনার ফিস পরিশোধ সফল হওয়ার বার্তা দেখতে পাবেন।






ক্লাসটিউন সম্পর্কিত কোনো সমস্যার সম্মুখীন হলে 01309063364/ 01740212121 নাম্বারে কল করতে পারেন।

(২) আর ট্রাস্ট ব্যাংকের কার্ড বাটনে ক্লিক করলে নিচের মতো একটি পেজ আসবে। সেখানে নির্ধারিত ঘরে আপনার কার্ডের নাম্বার, কার্ডের মেয়াদ, কার্ড হোল্ডারের নাম এবং কার্ডের CVV2/CVC2 কোড দিয়ে ওকে বাটনে ক্লিক করুন।





## ভিসা, মাস্টারকার্ড এবং আমেরিকান এক্সপ্রেস কার্ডের মাধ্যমে পেমেন্ট

ভিসা, মাস্টারকার্ড এবং আমেরিকান এক্সপ্রেস এর ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে পেমেন্ট করার জন্য ৪ নং ক্রমিকে দেখানো ভিসা/আমেরিকান এক্সপ্রেস/মাস্টারকার্ড এর লোগোতে ক্লিক করুন। এরপর নিচের পেজটি আসবে। সেখানে সতর্কতার সাথে আপনার কার্ড নাম্বার, কার্ডের মেয়াদ,




ক্লাসটিউন সম্পর্কিত কোনো সমস্যার সম্মুখীন হলে 01309063364/ 01740212121 নাম্বারে কল করতে পারেন।

কার্ড হোল্ডারের নাম এবং কার্ডের CSC/CVV2/CVC2/CVN2 কোড দিয়ে ওকে বাটনে ক্লিক করুন। *{অ্যামেক্স কার্ডের সামনের দিকে উপরে চার ডিজিটের CSC এবং ভিসা ও মাস্টারকার্ডের পিছনে তিন ডিজিটের CVV2/CVC2/CVN2 কোড থাকে।}*





৫. সঠিক তথ্য প্রদান করে ওকে ক্লিক করার পর আপনার কার্ড হোল্ডারের মোবাইলে যে ওয়ান টাইম পাসওয়ার্ড (ওটিপি) আসবে সেটি পরবর্তী পেজে ওটিপি এর ঘরে বসিয়ে Submit OTP বাটনে ক্লিক করতে হবে। পেমেন্ট সফল হলে সেটি দেখাবে এবং এসএমএসের মাধ্যমে নিশ্চিত করা হবে। (পুরো প্রক্রিয়াটি সফল হওয়ার আগ পর্যন্ত পেজ/উইন্ডো রিফ্রেশ করা বা ব্যাক বাটনে ক্লিক করা যাবে না।)



# বিকাশের মাধ্যমে পেমেন্ট

বিকাশের মাধ্যমে পেমেন্ট করার জন্য ৪ নং ক্রমিকে দেখানো বিকাশের লোগোতে ক্লিক করুন। এরপর নিচে দেখানো পেজটি আসবে। সেখানে প্রথমে আপনার বিকাশ অ্যাকাউন্টের নাম্বারটি প্রবেশ করে কনফার্ম বাটনে ক্লিক করুন। পরের পেজে আপনার মোবাইলে আসা ওটিপি দিয়ে কনফার্ম করুন। শেষে স্ক্রিনে আপনার বিকাশ অ্যাকাউন্টের পাসওয়ার্ড দিয়ে কনফার্ম করে অপেক্ষা করুন। সবকিছু ঠিকঠাক থাকলে আপনার পেমেন্ট সফল হওয়ার বার্তা দেখতে পাবেন।



# ওয়েবসাইটের মাধ্যমে ফিস পরিশোধের


## ওয়েবসাইট থেকে অনলাইন লেনদেন

≥ প্রথমে https://Sagc.edu.bd ওয়েবসাইটে ভিজিট করতে হবে।

১. এরপর উপরের হেডার থেকে ডানপাশের লগইন বাটনে ক্লিক করুন।




২. লগইন বাটনে ক্লিক করলে পপআপে নিচের সেকশনটি ওপেন হবে। নির্ধারিত ঘরে অভিভাবকের ইউজার নেইম ও পাসওয়ার্ড দিয়ে নিচের লগইন বাটনে ক্লিক করতে হবে।





০৩. লগইন হওয়ার পর নিচের অভিভাবক ড্যাশবোর্ড ওপেন হবে। সেখানে তৃতীয় বাটন তথা Fees বাটনে ক্লিক করতে হবে।







ক্লাসটিউন সম্পর্কিত কোনো সমস্যার সম্মুখীন হলে 01309063364/ 01740212121 নাম্বারে কল করতে পারেন।

০৪. নিচের পেজটি আসলে Pay All Dues বাটনে ক্লিক করুন।




০৫. এরপর বিস্তারিত তথ্যসহ নিচের পেজটি আসবে। সেখানে নিচের দিকে সবগুলো পেমেন্ট সিস্টেমের লোগো দেখতে পাবেন। এরপর যে পেমেন্ট সিস্টেমের মাধ্যমে ফিস পরিশোধ করতে চান সেই লোগোটিতে ক্লিক করুন এবং অ্যাপসের মাধ্যমে দেখানো পেমেন্ট পদ্ধতির মাধ্যই একইভাবে ফিস পরিশোধ করতে পারবেন।




০৬. পেমেন্ট সফল হলে সেটি দেখাবে এবং এসএমএসের মাধ্যমে নিশ্চিত করা হবে। (পুরো প্রক্রিয়াটি সফল হওয়ার আগ পর্যন্ত পেজ/উইন্ডো রিফ্রেশ করা বা ব্যাক বাটনে ক্লিক করা যাবে না।)